# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১০১২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০১৩]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الِافْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৮০: মহান আল্লাহর বাণী- “ওয়ালা-তাজহার বিসালা-তিকা ওয়ালা- তুখা-ফিত বিহা – (সূরাহ বানী ইসরাঈল ১৭:১১০) এর ব্যাখ্যা

قوله عز وجل ولا تجهر بصلاتك ولا تخافت بها

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ قُدَامَةَ، قال: حَدَّثَنَا جَرِيرٌ، عَنِ الْأَعْمَشِ، عَنْ جَعْفَرِ بْنِ إِيَاسٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قال: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَرْفَعُ صَوْتَهُ بِالْقُرْآنِ وَكَانَ الْمُشْرِكُونَ إِذَا سَمِعُوا صَوْتَهُ سَبُّوا الْقُرْآنَ وَمَنْ جَاءَ بِهِ فَكَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْفِضُ صَوْتَهُ بِالْقُرْآنِ مَا كَانَ يَسْمَعُهُ أَصْحَابُهُ فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ وَلا تَجْهَرْ بِصَلاتِكَ وَلا تُخَافِتْ بِهَا وَابْتَغِ بَيْنَ ذَلِكَ سَبِيلا سورة الإسراء آية 110 .

تخريج دارالدعوه: انظر ما قبله (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1013 ـ صحيح

বাংলা

১০১২. মুহাম্মাদ ইবনু কুদামাহ্ (রহ.) ..... ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী (সা.) উচ্চস্বরে কুরআন পাঠ করতেন। আর মুশরিকরা যখন তার আওয়াজ শুনতে পেত তখন তারা কুরআনকে এবং যিনি তা এনেছেন তাকে গালি দিত। তখন নবী (সা.) নিম্নস্বরে কুরআন পড়তে শুরু করলেন যা সাহবায়ি কিরাম শুনতে পেতেন না। তখন আল্লাহ তা'আলা নাযিল করলেন, (وَ لَا تَجۡهَرۡ بِصَلَاتِکَ وَ لَا تُخَافِتۡ بِهَا وَ ابۡتَغِ) “আপনি আপনার সালাত উচ্চস্বরে পড়বেন না, আবার একেবারে নীরবেও পড়বেন না, বরং এ দু'য়ের মধ্যপন্থা অবলম্বন করুন"- (সূরাহ বানী ইসরাঈল ১৭: ১১০)।

## English

80. The Saying Of Allah, The Mighty And Sublime: "And Offer Your Salah (Prayer) Neither Aloud Nor In A Low Voice"

It was narrated that Ibn Abbas said: The Prophet (ﷺ) used to raise his voice when reciting Quran, and when the idolaters heard his voice they would insult the Quran and the one who had brought it. So the Prophet (ﷺ) began to lower his voice such that his companions would not hear him. Then Allah (SWT), the Mighty and Sublime, revealed: 'And offer your salah (prayer) neither aloud nor in a low voice, but follow a way between.'

## ফুটনোট

সহীহ: তিরমিযী ৩০১, ইবনু মাজাহ ১৩৪৯, মুসনাদে আহমাদ ২৬৯৫০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87386

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন